


উন্নয়ন সহায়তায় বরাদ্দ ও বাস্তবায়িত স্কীমের সংখ্যা

তিন পার্বত্য জেলায় বসবাসকারী জনসাধারণের চাহিদা ও জীবনযাত্রা মান উন্নয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অধিনস্থ সংস্থা ও অন্যান্য মন্ত্রণালয়ের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা(কোড নং-৫০১০), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-৭০৩০) ও পার্বত্য চট্টগ্রামের স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং-৭০২০) এর আওতায় তিন পার্বত্য জেলার ছোট ছোট যোগাযোগ(রাস্তা, কালভার্ট, ব্রীজ, ধারক দেয়াল, সীমানা প্রাচীর) অবকাঠামোসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণ, স্বাস্থ্য, শিক্ষা বনায়ন, তাঁত প্রশিক্ষণ ও উন্নয়ন, ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণ, কৃষি গবেষণা সম্প্রসারণ, মৎস্য চাষ ও পশু সম্পদের উন্নয়ন, ফলমূলের বাগান সৃজন, রাবার বাগান সৃজন, তুলা চাষ, রেশম চাষ ও সম্প্রসারণ, পর্যটন সুবিধা বৃদ্ধিকরণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও ক্ষুদ্র ব্যবসায় সম্প্রসারণ, পানীয় জল ও পয়ঃপ্রণালী ইত্যাদিসহ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-৭০৩০) এর আওতায় ২১০০ একর হটিকালচার বাগান সম্প্রসারণ, স্বল্পমূল্যে বাড়ি নির্মাণ ও পয়ঃপ্রণালী ব্যবস্থাপনার মাধ্যমে ১৫০০ পরিবারকে সহায়তা, ২৩২টি শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন, ১১টি হোস্টেল বিল্ডিং নির্মাণ, ৮টি আবাসিক স্কুল নির্মাণসহ বিভিন্ন সম্প্রদায়ের ২৫৩০ জন শিক্ষার্থীদের আবাসন ব্যবস্থা, ১৩৫০ একর জমিতে কমলা, কফি এবং মিশ্র ফল চাষের মাধ্যমে স্থানীয় জনগণের কর্মসংস্থান এবং পুষ্টির চাহিদা মেটানো হচ্ছে, ১৩২০০ একর জমিতে রাবার বাগান সম্প্রসারণ, ৬৬০০ একর জমিতে হটিকালচার সম্প্রসারণ, ৩ ইউনিট রাবার প্রসেসিং ফ্যাক্টরী প্রতিষ্ঠা করা হয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে নিম্নবর্ণিত ৩টি উন্নয়ন সহায়তা বরাদ্দ ও স্কীম/প্রকল্প গ্রহণ করা হয়েছে:

ক্র.নং	উন্নয়ন সহায়তার নাম	বরাদ্দ (কোটি টাকায়)	স্কীম/প্রকল্পের সংখ্যা
১।	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-৭০৩০)	৫০.০০	৫৪৩ টি
২।	পার্বত্য চট্টগ্রামের স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং-৭০২০)	৩৫.০০	৩২৩ টি
৩।	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা(কোড নং-৫০১০)	১১০.০০	৪০০ টি
	সর্বমোট=	১৯৫.০০	১২৬৬ টি

উপরিউল্লিখিত ৩টি উন্নয়ন সহায়তায় গৃহীত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ফলে তিন পার্বত্য এলাকার সর্বস্তরের জনগণ উপকারভোগ করছে। উল্লেখ্য, তিন পার্বত্য জেলার জনগণের উন্নয়নের ধারাবাহিকতায় দেশের সার্বিক অর্থনীতিতেও উন্নয়নের এ ধারা অব্যাহত রয়েছে।



বিদুষী চাকমা
সিনিয়র সহকারী সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।